[Sanatan Dharma]




**জীবাত্মা ও পরমাত্মা সম্পর্কে জানা যাক**

ইয়ম্ কল্যাণ্য জরা মর্ত্যস্যামৃতা গৃহে।
য়স্মৈ কৃতা শয়ে স য়শ্চকার জজার সঃ।
ভাবার্থঃ জীবদেহে জীবাত্মা ও পরমাত্মা উভয় নিবাস করেন। জীবাত্মা এই দেহে কর্মফল ভোগ করে। যে পরমাত্মা এই শরীর রূপী নগর নির্মাণ করেন তার স্তুতি করা উচিত। .......অথর্ববেদে ১০/ ৮/২৬
জীবাত্মা ও পরমাত্মা সম্পর্কে জানা যাক:
জীবাত্মা বলতে দেহধারী আত্মাকে বোঝায়।
পরমাত্মা হল পরম আত্মা, যিনি পরমেশ্বর ।
জল আর জলের বুদবুদ আলাদা নয়, একই জল। বুদবুদ জলে তৈরি হয়ে কিছুক্ষণ ভেসে থেকে আবার জলে মিশে যায়। একইভাবে, জীবাত্মা ও পরমাত্মা একই অখণ্ড আত্মা।
বিশিষ্টদ্বৈত দর্শনে, সমস্ত জীবাত্মা পরমেশ্বরের দেহে।
জীবাত্মান যখন ব্রহ্ম (সংস্কৃত ব্রহ্মজ্ঞান ) এর প্রকৃত জ্ঞান লাভ করেন তখন জীবাত্মান এবং পরমাত্মা এক এবং অভিন্ন বলে পরিচিত। অদ্বৈতের প্রেক্ষাপটে, পরমাত্মান শব্দটি সর্বদাই নির্গুণ ব্রহ্মকে বোঝাতে ব্যবহৃত হয়., ঈশ্বর এবং ভগবান শব্দটি গুণাবলী সহ ব্রহ্ম বা সগুণ ব্রহ্মকে বোঝাতে ব্যবহৃত হয়.।

Published on: Nov, 21 2024 13:39